সমকাল

তারিখ : 14 DEC 2015
পৃষ্ঠা ৪ কলাম ৮

# নতুন প্রজন্মকে বিশ্ব নাগরিক হিসেবে গড়তে হবে : নাহিদ

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কারিগরি শিক্ষার প্রসারে বিভিন্ন দেশের মধ্যে সহযোগিতার ওপর জোর দিতে হবে। নতুন প্রজন্মকে বিশ্বমানের জ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ করে বিশ্ব নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। তিনি বলেন, এ যুগে উন্নয়নের জন্য প্রয়োজন দক্ষ কর্মী।

রোববার ঢাকায় ম্যানিলাভিত্তিক এশিয়া প্যাসিফিক অঞ্চলের আঞ্চলিক সংস্থা কলম্বো প্ল্যান স্টাফ কলেজ (সিপিএসসি) আয়োজিত 'ওয়েব বেইসড টিচিং অ্যান্ড লার্নিং সিস্টেমস' বিষয়ক ৫ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি।